



মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ : ২০২১

তারিখ : ১১/০৮/২০২১ খ্রি.

স্মারক নংঃ ম.জ.ফা.স্ক.ক/নোটিশ/২০২১/৩৭

২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের নোটিশ

অত্র প্রতিষ্ঠানের ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থী ও তাদের অভিভাবকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা এর নির্দেশনা অনুযায়ী ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার ফরমপূরণ কার্যক্রম আগামী ১২/০৮/২০২১ খ্রিঃ থেকে ২৫/০৮/২০২১ খ্রিঃ পর্যন্ত চলবে। ফরম পূরণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা-

১। আগামী ১২/০৮/২০২১ থেকে ১৯/০৭/২০২১ তারিখের মধ্যে সকল শিক্ষার্থীর মোবাইল নম্বরে শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ফরম পূরণ ফি ও জুন-২০২১ পর্যন্ত বেতন/অন্যান্য বকেয়া ফি (যদি থাকে) এর মেসেজ পাঠানো হবে।

[বিজ্ঞান শাখা: ১১৬০/-, মানবিক শাখা: ১০৭০/-, ব্যবসায় শিক্ষা শাখা: ১০৭০/-]

২। SMS এর মাধ্যমে পরীক্ষার্থীরা তার নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি রোল, বোর্ড ফি ও কলেজের পাওনাসহ সর্বমোট ফি আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

৩। পরীক্ষার্থীরা SMS এ প্রাপ্ত লিংক অথবা সোনালী ব্যাংকের সোনালী ই সেবা অ্যাপ ব্যবহার করে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। [বি.দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ হয়নি বলে গণ্য হবে।]

৪। ফরম পূরণের মতো গুরুত্বপূর্ণ কাজে কোনোরূপ শৈথিলতা কাম্য নয়। যদি কোনো শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন না করে তবে পরবর্তীতে ঐ শিক্ষার্থীর ফরমপূরণ সংক্রান্ত বিষয়ে কলেজ প্রশাসন কোনরূপ দায়ভার নিবে না।



এম ফরিদ আল হেসাইন
অধ্যক্ষ